

স্মারক নং-৪৬.০২১.০০৫.০০.০০.৩২৩.২০১৪- ৩৩২

তারিখঃ ৪/৬/২০১৮ খ্রিঃ।

বিষয় : বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮২২১/২০১৪ ও লিড টু আপিল নং-৩২০৫-৩২০৮/২০১৫ হতে উদ্ধৃত সিভিল রিভিউ পিটিশন নং-১২৯/২০১৭ এর গত ২৩/১০/২০১৭ তারিখের আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-১ শাখার গত ২৮/৫/২০১৮ তারিখের ৭৭৭ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতা ৪৬১টি উপজেলা পরিষদের জন্য রাজস্বখাতে ৯৬২টি অফিস সহায়ক পদে অস্থায়ীভাবে নিয়োগের ছাড়পত্র প্রদানের আদেশকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৮২২১/২০১৪নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৯/৩/২০১৫ তারিখে সরকারের বিপক্ষে রায় প্রদান করা হয়। উক্ত রায়ের অসম্মতিতে দায়েরকৃত আপীল মামলায় গত ২১/৭/২০১৬ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে রিভিউ পিটিশন দায়েরের জন্য এ বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব সালাউদ্দিন ইক্কান্দার কিং-কে দায়িত্ব প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সিভিল রিভিউ পিটিশন নং-১২৯/২০১৭ এর গত ২৩/১০/২০১৭ তারিখের আদেশ মোতাবেক পিটিশনারদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য আদেশের কপি এ বিভাগের যুগ্মসচিব (উপজেলা) বরাবরে গত ২০/১১/২০১৭ তারিখে প্রেরণ করা হয়।

২। বর্ণিত বিষয়ে সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়েছে রিভিউ পিটিশন নং-১২৯/২০১৭ এর আদেশে উল্লেখ রয়েছে যে অন্য কোন কারণে যদি পিটিশনার অযোগ্য ঘোষিত না হয় তাহলে এ রায় প্রদানের তারিখ হতে আগামী ২(দুই) মাসের মধ্যে আইন অনুযায়ী রাজস্ব বাজেটে তাদের নিজ নিজ পদসমূহ বহাল রাখতে/ নিয়মিত করতে/স্থায়ী করতে প্রতিপক্ষগণকে নির্দেশনা প্রদান করা হয়। পিটিশনার শেখ ইশতিয়াক আওলাদ নিয়োগের সময় তার বয়স বেশি হওয়ায় জাতীয় পরিচয়পত্র গোপন করেন এবং গুরুপুর উচ্চ বিদ্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ হতে অষ্টম শ্রেণী পাসের সনদপত্র দাখিল করেছেন। পরবর্তীতে অভিযোগের ভিত্তিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রেরিত প্রতিবেদন এবং উক্ত স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক যাচাইকৃত প্রতিবেদন অনুযায়ী দেখা যায় সনদপত্রটি সঠিক নয় এবং উক্ত স্কুলে তিনি কখনোই লেখাপড়া করেননি। শ্রীনগর উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফলে অকৃতকার্য শেখ ইশতিয়াককে মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে কোন প্রক্রিয়া/বিধি অবলম্বন করে নিয়োগ প্রদান করা হবে সে বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কার্যালয় হতে মন্ত্রণালয়ের নির্দেশনা চাওয়া হয়। এ প্রেক্ষিতে একজন বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে বিজ্ঞ আদালতকে অবহিত করার জন্য শ্রীনগর উপজেলা পরিষদ চেয়ারম্যানকে উপজেলা-১ শাখা হতে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা এবং বিজ্ঞ আইনজীবীর পরামর্শ মোতাবেক পিটিশনার শেখ ইশতিয়াক আওলাদ এর অযোগ্যতার বিষয়টি ইতোমধ্যে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্টকে অবহিত করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান গত ৩০/৪/২০১৮ তারিখে মন্ত্রণালয়কে অবহিত করেছেন। বর্ণিত প্রেক্ষাপটে পিটিশনার শেখ ইশতিয়াক আওলাদ এর চাকুরির বয়স সংক্রান্ত অযোগ্যতার বিষয়টি বিজ্ঞ সলিসিটর এর মাধ্যমে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকাকে জানানোর জন্য সূত্রোক্ত পত্রে আইন অধিশাখাকে অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮২২১/২০১৪ এর আরজির ক্রমিক নং-১৪০ এবং সিভিল রিভিউ পিটিশন নং-১২৯/২০১৭ এর আরজির ক্রমিক নং-১৩৬ হাইকোর্ট বিভাগের গত ৯/৩/২০১৫ তারিখে আদেশের আলোকে পিটিশনার শেখ ইশতিয়াক আওলাদ এর শ্রীনগর উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে তাঁর চাকুরির বয়স সংক্রান্ত অযোগ্যতার বিষয়টি বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্টকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্ত : বর্ণনামতে ৫০ ফর্দ।

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোনঃ ৯৫৪০১৯৭

বিজ্ঞ সলিসিটর

আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ;
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। অফিস/মাস্টার কপি।